



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

১৩-১৪ জয়নাগ রোড, বকশীবাজার, ঢাকা- ১২১১

## বিজ্ঞপ্তি

তারিখ: ০৫.১২.২০১৭

বিষয় : ২০১৮ সালে অনুষ্ঠিতব্য এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায়ে হাইকোর্ট বিভাগের আদেশ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০১৮ সালে অনুষ্ঠিতব্য এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফরম পূরণে শিক্ষার্থীদের নিকট হতে বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি কোনোক্রমেই আদায় করা যাবে না।

কোন প্রতিষ্ঠান শিক্ষার্থীদের কাছ থেকে বোর্ড নির্ধারিত ফি এর অতিরিক্ত ফি আদায় করলে এবং এর স্বপক্ষে প্রমাণ পাওয়া গেলে মহামান্য হাইকোর্টের স্যুয়ামোটো রুল নং : ২৫/২০১৭, তারিখ : ০৬.০১.২০১৫ এর নির্দেশনা অনুসারে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি এর বিরুদ্ধে হাইকোর্ট বিভাগের নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অতিরিক্ত ফি গ্রহণ করা হয়ে থাকলে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে তা অবশ্যই ফেরত প্রদান করতে হবে।

প্রফেসর মো: মাহাবুবুর রহমান

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

ফোন: ০২-৯৬১৫২৩৫

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

এবং

সভাপতি, ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান